

ভিসা ছাড়াই ৩৯ দেশে যেতে পারবে বাংলাদেশিরা

- A Monitor Desk Report

Date: 05 August, 2025



ঢাকাঃ দেশের বর্তমানে বিপুল সংখ্যক তরুণ-তরুণী বিশ্বজুড়ে নতুন নতুন জায়গা ঘুরে দেখতে বা চাকরির সন্ধানে যেতে আগ্রহী। আর এর ফলে বাড়ছে বিদেশে ভ্রমণকারীর সংখ্যা।

সাম্প্রতিক তথ্য অনুযায়ী, বাংলাদেশী পাসপোর্টধারীরা ভিসা ছাড়াই বেশ কিছু দেশে ভ্রমণের সুযোগ পান।

বিভিন্ন আন্তর্জাতিক গবেষণা সংস্থা যেমন 'হ্যানলি অ্যান্ড পার্টনার্স'-এর মতে, বাংলাদেশি পাসপোর্টের র‍্যাঙ্কিং ৯৪ এবং এই পাসপোর্ট ব্যবহার করে বিশ্বের প্রায় ৩৯টি দেশে ভিসা ছাড়াই প্রবেশ করা সম্ভব। এর মধ্যে কিছু উল্লেখযোগ্য দেশ হলো:

ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জ:

বাহামা, বার্বাডোস, ব্রিটিশ ভার্জিন আইল্যান্ডস, ডমিনিকা, গ্রেনাডা, হাইতি, জামাইকা, সেন্ট কিটস অ্যান্ড নেভিস, সেন্ট ভিনসেন্ট অ্যান্ড দ্য গ্রেনাডিনস, ত্রিনিদাদ অ্যান্ড টোবাগো।

আফ্রিকা:

বুরুন্ডি, কেপ ভার্দে, কোমোরো আইল্যান্ডস, গিনি-বিসাউ, কেনিয়া, মাদাগাস্কার, মোজাম্বিক, বুয়ান্ডা, সেশেলস, সিয়েরা লিওন, সোমালিয়া, গাম্বিয়া।

এশিয়া:

ভুটান, কম্বোডিয়া, নেপাল, মালদ্বীপ, শ্রীলঙ্কা, পূর্ব তিমুর।

ওশেনিয়া:

কুক আইল্যান্ডস, ফিজি, কিরিবাতি, মাইক্রোনেশিয়া, নিউই, সামোয়া, টুভালু, ভানুয়াতু।

দক্ষিণ আমেরিকা:

বলিভিয়া।

তবে একটি বিষয় অবশ্যই মনে রাখতে হবে। যদিও এই দেশগুলোতে ভিসা লাগে না তবুও ভ্রমণের আগে কিছু শর্ত পূরণ করতে হয়। যেমন, ভ্রমণের উদ্দেশ্য, থাকার সময়সীমা এবং সংশ্লিষ্ট দেশের ইমিগ্রেশন কর্তৃপক্ষের নিয়মাবলী।

অনেক সময় ভিসা-মুক্ত প্রবেশাধিকার থাকলেও বিমান বন্দরে 'অন অ্যারাইভাল ভিসার'র জন্য কিছু ফি বা অন্য ডকুমেন্ট প্রয়োজন হতে পারে। তাই যেকোনো দেশে ভ্রমণের পরিকল্পনা করার আগে, সেই দেশের সরকারি ওয়েবসাইট বা বাংলাদেশ সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ থেকে সর্বশেষ তথ্য যাচাই করে নেওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ।

-B